

মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস লেখা হবে

খালেদা জিয়া

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছেন, দেশের মুক্তিযোদ্ধাদের পুনর্বাসন ও সম্মানজনক জীবনযাপনে তাদের সমস্যার সমাধান খুলে বের করার জন্য পদক্ষেপ গ্রহণ করাই মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রধান কাজ।

গতকাল একদল যুদ্ধাহত ও পঙ্গু মুক্তিযোদ্ধা প্রধানমন্ত্রীর সঙ্গে তার কার্যালয়ে দেখা করতে গেলে প্রধানমন্ত্রী তাদের উদ্দেশ্যে বলেন, তার নির্বাচনী প্রতিশ্রুতি অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় গঠন করা হয়েছে। মুক্তিযোদ্ধাদের কল্যাণ, পুনর্বাসন, তাদের চিকিৎসা এবং মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস লেখার জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় পদক্ষেপ গ্রহণ করবে।

বাসস।
মুক্তিযুদ্ধে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে বেগম জিয়া বলেন, মুক্তিযোদ্ধাদের চরম আত্মত্যাগের বিনিময়ে দেশ স্বাধীন হয়েছে। জাতি তাদের প্রতি কৃতজ্ঞ ও ঋণী।

মুক্তিযুদ্ধে আহতদের প্রতি সমবেদনা প্রকাশ করে বেগম জিয়া শহীদ রত্নপতি জিয়াউর রহমানের ডাকে কিভাবে জাতি যুদ্ধে ঝাপিয়ে পড়েছিল তা স্মরণ করেন।

বেগম জিয়া বলেন, প্রশিক্ষণসহ বিভিন্ন কর্মসূচির মাধ্যমে সমাজে মুক্তিযোদ্ধা ও তাদের পরিবারের সদস্যদের স্বাবলম্বী করার জন্য তার সরকার ইতোমধ্যে পদক্ষেপ গ্রহণ করেছে।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক প্রতিমন্ত্রী রেদোয়ান আহমেদ, প্রধানমন্ত্রীর রাজনৈতিক সচিব হারিস চৌধুরী ও মোসাদ্দেক আলী এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব আজিজুল হক উপস্থিত ছিলেন।

প্রধানমন্ত্রী বলেন, ৭ জন বীর শ্রেষ্ঠর প্রতি শ্রদ্ধার নিদর্শন হিসেবে তার সরকার একটি স্মৃতিসৌধ নির্মাণ করবে। তিনি বলেন, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের চিকিৎসা ও তাদের পুনর্বাসনে ইতোমধ্যে পদক্ষেপ গ্রহণ করেছে।

মুক্তিযোদ্ধাদের দেশের শ্রেষ্ঠ সম্মান হিসেবে উল্লেখ করে খালেদা জিয়া বলেন, মুক্তিযুদ্ধে অবদান অনুযায়ী প্রত্যেকেই যাতে তাদের পাওনা পেতে পারে সেজন্য তার সরকার পদক্ষেপ গ্রহণ করেছে।

বেগম জিয়া মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে সিএমএইচ চিকিৎসাধীন তারামন বিবি বীর প্রতীকের হাতে ২৫ হাজার টাকার একটি চেকও হস্তান্তর করেন। বেগম জিয়া তারামন বিবির নাতির জন্য একটি সরকারি চাকরির নিশ্চয়তা প্রদান করে বলেন, তারামন বিবি আজীবন প্রতি মাসে ২ হাজার টাকা করে ভাতা পাবেন।

প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎকারী যুদ্ধাহত প্রত্যেক মুক্তিযোদ্ধাকেই প্রধানমন্ত্রী বিভিন্ন পরিমাণের চেক ও উপহার প্রদান করেন।